গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
ই-মেইলঃ ce@rhd.gov.bd
ফোনঃ ৮৮৭৯২৯৯

স্মারক নং- ১১৬০-প্র:প্র:

তারিখঃ- ২৮/১১/১৮

বিষয় ঃ ফুটওভার ব্রীজ, সেতু ও মহাসড়কে অবৈধভাবে স্থাপিত বিল বোর্ড/ বিজ্ঞাপন বোর্ড অপসারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ১৫/১১/২০১৮ খ্রিঃ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মাসিক সমন্বয় সভায় ফুটওভার ব্রীজ, সেতু ও মহাসড়কে অবৈধভাবে স্থাপিত বিল বোর্ড/ বিজ্ঞাপন বোর্ড অপসারণের কার্যক্রম অব্যহত রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। যে সকল বেসরকারী কোম্পানী পুলিশের নাম ব্যবহার করে মহাসড়কের পার্শ্বে অবৈধভাবে সাইনবোর্ড ব্যবহার করছে। উক্ত সভায় সভাপতি সে সকল কোম্পানীকে সাইন বোর্ড সরিয়ে নেওয়ার জন্য অনুরোধ করতে নির্দেশনা প্রদান করেন।

এমতাবস্থায়, তার সড়ক জোনের অধীনস্থ সকল সড়ক বিভাগকে উচ্ছেদ কার্যক্রমের অংশ হিসাবে মহাসড়কের পার্শ্বে বেসরকারী কোম্পানী কর্তৃক অবৈধভাবে স্থাপিত বিল বোর্ড/ বিজ্ঞাপন বোর্ড সরিয়ে নেওয়ার অনুরোধ করে সংশ্লিষ্ট কোম্পানীকে পত্র দেওয়ার জন্য বিশেষভাবে বলা হলো।

এ ব্যাপারে মন্ত্রণালয়ের বিশেষ তাগিদ রয়েছে।

সংযুক্তি ঃ

(ইবনে আলম হাসান)
পরিচিতি নং- ০০১০৩৩
প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

বরাবর
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন/ কুমিল্লা জোন/ চট্টগ্রাম জোন/ খুলনা জোন/ বরিশাল জোন/ রাজশাহী জোন/ রংপুর জোন/ সিলেট জোন/ গোপালগঞ্জ জোন/ ময়মনসিংহ জোন।

অনুলিপি জ্ঞাতার্থেঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, তেজগাঁও, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এম আই এস এন্ড এষ্টেটস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

*F:\PCLr\SE MIS and State Circle\Chief Engneer Latter.doc (Saifur Rahman)*

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **চট্টগ্রাম জোন:**<br>চট্টগ্রামে জোনের আওতায় মহাসড়ক বর্ধিত করার ক্ষেত্রে অথবা যান চলাচল ও জনসাধারণের সমস্যার সৃষ্টি করে এমন অবৈধ স্থাপনা উচ্ছেদ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | অবৈধ উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করতে হবে। | প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত সচিব (এস্টেট)/সম্পত্তি ও আইন কর্মকর্তা চট্টগ্রাম |
| | **বিআরটিএ মোবাইলকোর্ট পরিচালনা:**<br>(১) চেয়ারম্যান (বিআরটিএ) জানান, বিআরটিএ'র মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। অক্টোবর ২০১৮ মাসে বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক ২,৬৬৮টি মামলার মাধ্যমে ৪৩,৯০,৬৮০/- (তেতাল্লিশ লক্ষ নব্বই হাজার ছয়শত আশি) টাকা জরিমানা আদায়সহ ০৬ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড প্রদান এবং ১৭৮টি যানবাহন ডাম্পিং স্টেশনে প্রেরণ করা হয়েছে। | (১) বিআরটিএ'র মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে এবং এ সংক্রান্ত তথ্য প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ অতিরিক্ত সচিব (এস্টেট) যুগ্মসচিব (বিআরটিএ সংস্থাপন) |
| | (২) সহকারী সচিব (বিআরটিএ সংস্থাপন) জানান, বর্তমানে কর্মকর্তা পদায়নের সাথে ম্যাজিস্ট্রিয়াল ক্ষমতা প্রদান করে থাকে। বর্তমানে বিআরটিএ-তে ১৪ জন ম্যাজিস্ট্রেট কর্মরত আছে। তন্মধ্যে ০১ জনকে প্রত্যাহারের জন্য লেখা হয়েছে। অপর ০১ জন কর্মকর্তা ১৩/১১/২০১৮ তারিখে যোগদান করেছেন। এজেন্ডাটি আগামী সভা হতে বাদ দেয়া যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | (২) এজেন্ডাটি আগামী সভা হতে বাদ দিতে হবে। | |
| | (৩) সহকারী সচিব (বিআরটিএ সংস্থাপন) আরও জানান, অতি পুরাতন/জরাজীর্ণ/ফিটনেসবিহীন গাড়ী/ট্রাক চলাচল নিয়ন্ত্রণের বিষয়ে একটি নির্দিষ্ট সময়সীমা নির্ধারণের নিমিত্ত মুরেটসহ অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে ১৪/০৮/২০১৮ তারিখে বিআরটিএতে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বাস, মিনিবাস ইত্যাদি যাত্রীবাহী মোটরযানের লাইফ টাইম ২০ বছর এবং ট্রাক, কভার্ডভ্যান ইত্যাদি মালবাহী মোটরযানের লাইফ টাইম ২৫ (পচিঁশ) বছর নির্ধারণ করা হয় এবং আগামী ০১ জানুয়ারি ২০২০ তারিখ হতে কার্যকর করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। আপাতত এ বিষয়ে কোন কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয়তা না থাকায় এজেন্ডাটি বাদ দেয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (৩) এজেন্ডাটি বাদ দেয়া যেতে পারে। | চেয়ারম্যান, বিআরটিএ/ অতিরিক্ত সচিব (এস্টেট) যুগ্মসচিব (বিআরটিএ সংস্থাপন) |
| ১০ | **অবৈধ বিল বোর্ড অপসারণ:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা, ঢাকা জোন কর্তৃক উচ্ছেদ কার্যক্রমের অংশ হিসেবে মহাসড়কের পার্শে সওজ অধিদপ্তরের বিভিন্ন জায়গা হতে ০৫টি বিলবোর্ড ও সাইনবোর্ড উচ্ছেদ করা হয়েছে। ফুট ওভারব্রীজ, সেতু ও মহাসড়কে অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/ বিজ্ঞাপন বোর্ড অপসারণের কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। সভাপতি অবহিত করেন অনেক বেসরকারি কোম্পানী পুলিশের নাম ব্যবহার করে মহাসড়কের পার্শে অবৈধভাবে সাইনবোর্ড ব্যবহার করছে। এ সকল সাইনবোর্ড সরিয়ে নেয়ার জন্য সংশ্লিষ্ট কোম্পানীকে অনুরোধ করতে হবে। | বেসরকারি কোম্পানী কর্তৃক মহাসড়কের পার্শে অবৈধভাবে স্থাপিত সাইনবোর্ড অপসারণের জন্য সংশ্লিষ্ট কোম্পানীকে পত্র দিতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/সম্পত্তি ও আইন কর্মকর্তা (সকল)/ নির্বাহী প্রকৌশলী (সকল) |
| ১১. | **সওজ অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র ও গবেষণাগার এর নতুন জনবল কাঠামো তৈরি করা:**<br>উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন) জানান, সওজ অধিদপ্তরের সড়ক গবেষণাগার ও সওজ প্রশিক্ষণ কেন্দ্রের সমন্বয়ে একটি উইং সৃজনের বিষয়টি একীভূত করে সওজ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসকরণের বিষয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ও ডিপ্লোমা প্রকৌশলীদের পক্ষ হতে প্রাপ্ত প্রস্তাব পর্যালোচনাপূর্বক পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য ২৯/১০/২০১৮ তারিখ প্রধান প্রকৌশলীকে অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে প্রধান প্রকৌশলীর দপ্তর হতে কোনো প্রস্তাব পাওয়া যায়নি। | প্রধান প্রকৌশলীর দপ্তর থেকে দ্রুত প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত সচিব/উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন) |
| ১২. | **সরঞ্জাম ও যন্ত্রপাতি এবং ফেরি ও গাড়ী ব্যবস্থাপনা:**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (যান্ত্রিক) জানান,<br>(ক) সওজ অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন সড়ক ও যান্ত্রিক বিভাগে অরক্ষিত অবস্থায় পড়ে থাকা মেরামত অযোগ্য যন্ত্রপাতির একটি তালিকা প্রস্তুত করে বিক্রির উদ্যোগ নেওয়ার জন্য সকল জোন প্রধানদের পত্রের মাধমে অনুরোধ করা হয়েছে। বিভিন্ন সড়ক বিভাগ প্রাপ্ত তথ্য অনুযায়ী মেরামত অযোগ্য পরিদর্শন যানের সংখ্যা ৬০টি। এর মধ্যে ৫০টির সার্ভে রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। অবশিষ্ট ১০টির কার্যক্রম প্রক্রিয়াধীন। মেরামত অযোগ্য বিভিন্ন যন্ত্রপাতি ও সরঞ্জামের সংখ্যা ৩১৫টির মধ্যে ২৭৫টির সার্ভে রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। অবশিষ্ট ৪০টির কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>(খ) সড়ক ও জনপথ অধিদপ্তরের অকেজো গাড়ীর সার্ভে রিপোর্ট ও নিলাম সংক্রান্ত তথ্য নিম্নরূপ: | (ক) অমেরামতযোগ্য যন্ত্রপাতির তালিকা প্রস্তুত করে বিধি অনুযায়ী তা বিক্রির উদ্যোগ নিতে হবে।<br>(খ) কনডেমনেশন কমিটি কর্তৃক সুপারিশকৃত গাড়ী বিক্রয়ের জন্য বিধি মোতাবেক উদ্যোগ গ্রহণ অব্যাহত থাকবে। | প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত সচিব (প্রশাসন)/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (যান্ত্রিক) |

| মেরামত অযোগ্য গাড়ীর সংখ্যা | মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন | নিলাম সংক্রান্ত | |
|---|---|---|---|
| | | বিক্রিত | বিভিন্ন পর্যায়ে বিক্রয়ের জন্য প্রক্রিয়াধীন |
| ১৭৩ | ১৭৩ | ১০৯টি | ৬৪ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (গ) সওজ অধিদপ্তরের জন্য একটি রি-সাইক্লিং যন্ত্র কেনার জন্য প্রণীতব্য ডিপিপির ওপর সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৩/০৯/২০১৮ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। ডিপিপি পুনর্গঠন করে শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | (গ) রি-সাইক্লিং যন্ত্র ক্রয়ের পুনর্গঠিত ডিপিপি আগামী ১৫ দিনের মধ্যে বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (যান্ত্রিক)/যুগ্মপ্রধান |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (ঘ) উপসচিব (তদন্ত ও শৃংখলা) জানান, তদন্ত পর্যালোচনায় দেখা যায় রাজবাড়ী-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কে রোপিত গাছ কর্তনের বিষয়ে জড়িত জনাব মোঃ কামাল উদ্দিন মোল্লা, নির্বাহী বৃক্ষপালনবিদ, অপারেশেন ডিভিশন (পূর্বাঞ্চল) নিলাম দরপত্রের শর্তাবলী ভঙ্গ করে নিলাম কার্যক্রম পরিচালনাপূর্বক অবৈধভাবে গাছ কর্তনে সহযোগিতা করেছেন। উক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব পাওয়া গেছে। নথি উপস্থাপন করা হয়েছে। এজেন্ডাটি আগামী সভা হতে বাদ দেয়ার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। | (ঘ) এজেন্ডাটি আগামী সভা হতে বাদ দিতে হবে। | উপসচিব (সমঃ ও প্রশিঃ) |
| | (ঙ) প্রধান বৃক্ষপালনবিদ জানান, সেনাবাহিনীর সাথে যোগাযোগ করে এবং সরেজমিনে পরিদর্শন করে জানা যায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে মৃত গাছের স্থলে নূতন চারা পুন:রোপণ করা হয়েছে এবং রক্ষণাবেক্ষণ চলছে। উক্ত মহাসড়কের বিভিন্ন কিলোমিটারে খুলে যাওয়া স্লাব পুন:সংযোজনের কাজ চলমান আছে। | (ঙ) (১) ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে রোপিত গাছের পরিচর্যার বিষয়ে সেনাবাহিনীর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(ঙ) (২) উক্ত মহাসড়কের বিভিন্ন কিলোমিটারে খুলে যাওয়া স্লাব লাগানোর কাজ দ্রুত শেষ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ জোন/প্রধান বৃক্ষপালনবিদ |
| ৮. | **পরিদর্শন বাংলোর যথাযথ ব্যবহারের লক্ষ্যে নীতিমালা ও ডাটাবেইজ হালনাগাদকরণ:**<br>সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান, সওজ অধিদপ্তরের পরিদর্শন বাংলো/অফিস কাম পরিদর্শন বাংলো ব্যবহারের লক্ষ্যে কক্ষ বরাদ্দ সংক্রান্ত অনুসরণীয় নীতিমালা ও ভাড়ার হার নির্ধারণে অর্থ বিভাগ হতে সম্মতি পাওয়া গেছে। সে অনুযায়ী সওজ অধিদপ্তরকে ০৪/১১/২০১৮ তারিখে পত্র দেয়া হয়েছে। এজেন্ডাটি আগামী সভা হতে বাদ দেয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | এজেন্ডাটি আগামী সভা হতে বাদ দিতে হবে। | উপসচিব (সমঃ ও প্রশিঃ) |
| ৯. | **অবৈধ স্থাপনা অপসারণ:**<br>প্রধান প্রকৌশলী, সওজ জানান যে,<br>(ক) প্রধান প্রকৌশলী, সওজ জানান যে, মন্ত্রণালয়ের মানদন্ড অনুসরণে এবং মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী অবৈধ স্থাপনা দ্রুত অপসারণের নিমিত্ত মাঠ পর্যায়ের সকল কার্যালয়কে ইতোমধ্যে নির্দেশনা দেয়া হয়েছে। অবৈধ স্থাপনা অপসারণ কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>(খ) সড়ক ও জনপথ অধিদপ্তর এবং জেলা পরিষদের মধ্যে মহাসড়ক ও মহাসড়ক পার্শ্বস্থ ভূমিতে অবস্থিত গাছপালার মালিকানা নিয়ে সৃষ্ট দ্বন্দ ও বিবাদ (Dispute) নিরসনের লক্ষ্যে ভৌত অবকাঠামো বিভাগের সদস্য এর সভাপতিত্বে ০৯/০৯/২০১৮ তারিখ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সওজ অধিদপ্তরকে ১৪/১০/২০১৮ তারিখে পত্র দেয়া হয়েছে। এ বিষয়ে প্রধান প্রকৌশলী জানিয়েছেন, কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে। ভৌত অবকাঠামো বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে জেলা পরিষদকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগকে পত্র দেয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (ক) মন্ত্রণালয়ের মানদন্ড অনুসরণ এবং মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী অপসারণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(খ) ভৌত অবকাঠামো বিভাগের স্ট্যান্ডিং কমিটির সভার সিদ্ধান্তের আলোকে জেলা পরিষদকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগকে পত্র দিতে হবে। | প্রধান প্রকৌশলী, অতিরিক্ত সচিব (এস্টেট/আইন)/ সম্পত্তি ও আইন কর্মকর্তা (সকল)/নির্বাহী প্রকৌশলী (সকল) |
| | (গ) জেলা পরিষদের মাধ্যমে সওজের অনুকূলে হস্তান্তরকৃত যে সব জায়গা এখনও সওজের নামে রেকর্ড করা হয়নি যে সব জায়গা চিহ্নিত করা এবং সওজের অনুকূলে হস্তান্তরের গেজেট সংগ্রহপূর্বক রেকর্ড সংশোধনীর মামলা করতে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে। | (গ) জেলা পরিষদ হতে হস্তান্তরকৃত সম্পত্তির রেকর্ড সংগ্রহপূর্বক সওজের নামে রেকর্ডভুক্ত করতে হবে। | প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত সচিব (এস্টেট)/ সম্পত্তি ও আইন কর্মকর্তা (সকল) |
| | **এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়:**<br>সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান, সওজ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে এস্টেট ও আইন কর্মকর্তা পদায়নের জন্য ২৮/১০/২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | প্রধান কার্যালয়ের জন্য এস্টেট কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে সাথে যোগাযোগ করতে হবে। | প্রধান প্রকৌশলী/অতিরিক্ত সচিব (এস্টেট)/ সম্পত্তি ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় |
| | **ঢাকা জোন:**<br>সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান, ০২/১০/২০১৮ তারিখ রংপুর জোনের আওতাধীন ওয়েস্টার্ণ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (রংপুর অংশ) এর আওতাধীন জয়পুরহাট জেলা সদর উপজেলাধীন মঙ্গলবাড়ী-কুঠিবাড়ী সেতুর সংযোগ সড়কে সওজ অধিদপ্তরের ভূমি হতে ৮৫টি অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়। এতে প্রায় ১.১৫ একর ভূমি উদ্ধার করা হয়। যার বর্তমান বাজার মূল্য ০.৬০ কোটি টাকা। | উচ্ছেদ কার্যক্রমের এ ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ /সম্পত্তি ও আইন কর্মকর্তা, ঢাকা জোন |
| | **খুলনা জোন:**<br>নির্বাহী প্রকৌশলীগণের কাছ থেকে চাহিদাপত্র সংগ্রহ করে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করতে হবে। মহাসড়ক বর্ধিত করার ক্ষেত্রে অথবা যান চলাচল ও জনসাধারণের সমস্যার সৃষ্টি করে এমন অবৈধ স্থাপনা উচ্ছেদ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | নির্বাহী প্রকৌশলীগণের কাছ থেকে চাহিদাপত্র সংগ্রহ করে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করতে হবে | প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত সচিব (এস্টেট)/যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |